

ভর্তি বিজ্ঞপ্তি

দেশে পরিবহন খাতে দুর্ঘটনা রোধে দক্ষ গাড়িচালক তৈরির মাধ্যমে যুবদের জন্য পরিবহন খাতে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং দারিদ্র্য বিমোচনের পাশাপাশি টেকসই জীবিকা নিশ্চিত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরাদীন “যানবাহন চালনা প্রশিক্ষণ” প্রকল্পের আওতাধীন মাগুরা জেলার বেকার যুবদের যানবাহন চালনা বিষয়ে ০১(এক) মাস মেয়াদি অনাবাসিক প্রশিক্ষণ প্রদান করা হবে। উক্ত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবক ও যুব নারীদের এক/একাধিক প্যানেল করার নিমিত্ত তাদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

নং	প্রশিক্ষণ কোর্সের নাম ও মেয়াদ	শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) ও অন্যান্য যোগ্যতা	প্রশিক্ষণ ভাড়া/যাতায়াত ভাড়া (টাকা)	সাক্ষাৎকারের স্থান
০১	যানবাহন চালনা প্রশিক্ষণ: প্রশিক্ষণের মেয়াদ-০১ মাস (অনাবাসিক) ক) ১ম ব্যাচ ১ফেব্রুয়ারী/২৪-১মার্চ/২৪ পর্যন্ত। খ) ২য় ব্যাচ ২মার্চ/২৪-৩১মার্চ/২৪ পর্যন্ত। গ) ৩য় ব্যাচ ১এপ্রিল/২৪-৩০এপ্রিল/২৪ পর্যন্ত। প্রতি ব্যাচে আসন সংখ্যা-৪০ জন। কোর্স ফি: নেই।	অষ্টম শ্রেণী বা সমমান পাশ। বয়স : ২১থেকে ৩৫ বছর। (জাতীয় পরিচয়পত্র থাকা বাধ্যতামূলক)	জন প্রতি দৈনিক ১৫০/-	উপপরিচালকের কার্যালয় যুব উন্নয়ন অধিদপ্তর মাগুরা।

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি :

- আবেদন/দরখাস্ত জমাদানের স্থান : উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, মাগুরা।
- আবেদন/দরখাস্ত জমাদানের শেষ তারিখ : ২৯/০১/২০২৪খ্রিঃ
- সাক্ষাতকার গ্রহণের তারিখ : ৩১/০১/২০২৪খ্রিঃ সকাল ১০:০০ঘটিকা।
- বর্ণিত কোর্সে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ২১ থেকে ৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুব নারী হতে হবে।
- স্বহস্তে পূরণকৃত আবেদন ফর্ম (০১) নাম (বাংলা ও ইংরেজি), (০২) পিতার নাম (বাংলা ও ইংরেজি), (০৩) মাতার নাম (বাংলা ও ইংরেজি), (০৪) জন্ম তারিখ, (০৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স, (০৬) জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর, (০৭) বর্তমান ঠিকানা, (০৮) স্থায়ী ঠিকানা, (০৯) শিক্ষাগত যোগ্যতা, (১০) ধর্ম, (১১) জেন্ডার/লিঙ্গ, (১২) মোবাইল নম্বর, (১৪) Facebook ID (যদি থাকে), (১৫) ই-মেইল ঠিকানা, (১৬) বিকল্প যোগাযোগ নম্বর, (১৭) সংশ্লিষ্ট বিষয়ে ইতঃপূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে)।
- আবেদন পত্রের সাথে ১) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের অনুলিপি (২) জাতীয় পরিচয়পত্রের অনুলিপি জমা দিতে হবে। (৩) সাক্ষাতকার ও মনোনয়নকালে মূল সনদপত্র ও সদ্য তোলা ০২কপি পাসপোর্ট সাইজের ছবি সংগে আনতে হবে।
- নির্ধারিত আবেদন ফর্ম যুব উন্নয়ন অধিদপ্তরের www.dyd.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে অথবা জেলার যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক/কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে বিনা মূল্যে সংগ্রহ করা যাবে।
- সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে হাজির হতে হবে। এজন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

উল্লেখ্য, যাদের জাতীয় পরিচয়পত্র নেই এবং যাদের যে কোনো প্রকারের ডাইভিং লাইসেন্স রয়েছে, তারা কোনোভাবেই প্রশিক্ষণের জন্য আবেদন করতে পারবে না। কেউ তথ্য গোপন করে আবেদন করলে পরবর্তীকালে কর্তৃপক্ষ তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।







(চলমান পাতা-০১)

প্রশিক্ষণের শর্তাবলি:


- ক) প্রত্যেক প্রশিক্ষার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।
খ) প্রত্যেক প্রশিক্ষার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
গ) প্রশিক্ষণ শেষে আত্মকর্ম/কর্মসংস্থানে নিয়োজিত হওয়ার তথ্য যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট উপপরিচালক বরাবরে দাখিল করতে হবে।
ঘ) প্রশিক্ষণকালীন সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।
ঙ) পার্শ্ববর্তী যশোর জেলা কোটার মধ্য থেকে সর্বোচ্চ ১৫জন আবাসন সুবিধা পাবে।
চ) স্বাগতিক মাগুরা জেলা এবং পার্শ্ববর্তী যশোর জেলার ২০ জন নিয়ে মোট ৪০ জনের প্রশিক্ষণ কোটা পূরণ করা হবে।

প্রশিক্ষণ ও ভর্তির জন্য যোগাযোগ

- উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মাগুরা।


(ফরহাত নূর) ৮/০১/২০২৪
উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, মাগুরা।

 ddmagura@dyd.gov.bd

ফোনঃ ০২৪৭৭৭১০৭১৬

তারিখ -০৮/০১/২০২৪ খ্রিঃ

স্মারক নং-৩৪.০১.৫৫০০.০০০.৩৮.১১৪.২১-৪৬১

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ :

০১। প্রকল্প পরিচালক (যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্প) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২। জেলা প্রশাসক, মাগুরা।

০৩। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যশোর (প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক কোটা অনুযায়ী প্রশিক্ষার্থী -
-মনোনয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)


০৪। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, মাগুরা।

০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সদর/মহম্মদপুর/শ্রীপুর/শালিখা, মাগুরা।

০৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৭। নোটিশ বোর্ড।

০৮। অফিস কপি।


(মোঃ ইলিয়াসুর রহমান)
সহকারী পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, মাগুরা।

ফোন নং-০২৪৭৭৭১১৬৬৬

